বাংলাদেশ জাতীয়তাবাদী দল
কেন্দ্রীয় কার্যালয়ঃ ২৮/১, নয়াপল্টন, ভি আই পি রোড, ঢাকা-১০০০। ফোন: ৯৩৬১০৬৪ ফ্যাক্স: ৮৩১৮৬৮৭ E-mail: bnpcentral@gmail.com
চেয়ারপার্সনের কার্যালয় ঃ বাসা নং-০৬, রোড নং-৮৬, গুলশান-২, ঢাকা-১২১২। ফোন: ৯৮৮৩৪৬২ ফ্যাক্স: ৯৮৮৩৪৫২ E-mail: bnpcpo@gmail.com

তারিখ ঃ ২০ আগস্ট ২০২৫

# প্রেস বিজ্ঞপ্তি

# বিএনপি'র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কর্মসূচি ঃ

**বিএনপি'র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে** আজ ২০ আগস্ট ২০২৫, বুধবার বেলা ১ টায় দলের নয়াপল্টনস্থ কেন্দ্রীয় কার্যালয়ে বিএনপি জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও বিএনপি'র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন কমিটির আহবায়ক **নজরুল ইসলাম খান** এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় দলের সিনিয়র যুগ্ম মহাসচিব ও বিএনপি'র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন কমিটির সদস্য সচিব **অ্যাডভোকেট রুহুল কবির রিজভী'র** সঞ্চালনায় কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি'র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি প্রণয়নের জন্য এই সভা অনুষ্ঠিত হয়। যথাযোগ্য মর্যাদায় প্রতিষ্ঠাবার্ষিকী পালনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

**সভায় বিএনপি'র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ৭ দিনব্যাপী কর্মসূচি ঘোষনা করা হয়।**

১। আগামী ৩১ আগষ্ট ২০২৫, রবিবার বেলা ২ টায় রাজধানীর রমনাস্থ ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন মিলনায়তনে বিএনপি প্রতিষ্ঠার উদ্দেশ্য ও তাৎপর্য শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এতে দলের জেষ্ঠ্য নেতৃবৃন্দসহ দেশের বরেণ্য বুদ্ধিজীবীগণ অংশগ্রহণ করবেন।

২। ১লা সেপ্টেম্বর সকাল ৬টায় বিএনপি'র নয়াপল্টনস্থ কেন্দ্রীয় কার্যালয়সহ দেশব্যাপী দলীয় কার্যালয়ে দলীয় পতাকা উত্তোলন।

৩। ১লা সেপ্টেম্বর সকাল ১১ টায় মহান স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবক্তা ও আধুনিক বাংলাদেশের রুপকার, বিএনপি'র প্রতিষ্ঠাতা চেয়ারম্যান শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তম এর মাজারে বিএনপি মহাসচিবসহ দলের জাতীয় স্থায়ী কমিটির সদস্যবৃন্দ, অঙ্গ ও সহযোগী সংগঠনের কেন্দ্রীয় নেতৃবৃন্দ ও সর্বস্তরের নেতাকর্মীরা ফাতেহা পাঠ ও পুষ্পস্তবক অর্পণ করবেন।
ঐদিন দেশব্যাপী জেলা ও মহানগরে আলোচনা সভা ও বর্ণাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হবে।

৪। ২রা সেপ্টেম্বর দলের প্রতিষ্ঠাবাষির্কী উপলক্ষে কেন্দ্রীয় কার্যালয়ের সামনে থেকে বর্ণাঢ্য র‍্যালী

৫। আগামী ৩ সেপ্টেম্বর উপজেলা ও পৌরসভায় আলোচনা সভা ও বর্ণাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হবে।

৬। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হবে।

৭। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পোস্টার প্রকাশ করা হবে।

৮। সমসাময়িক প্রাসঙ্গিক বিষয় নিয়ে বিএনপি'র উদ্যোগে গোলটেবিল বৈঠক।

৯। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সুবিধাজনক সময়ে ঢাকাসহ দেশব্যাপী (ক) সাংস্কৃতিক অনুষ্ঠান (খ) বৃক্ষ রোপণ অভিযান (গ) মৎস্য অবমুক্তকরণ (ঘ) ফ্রি মেডিকেল ক্যাম্প (ঙ) ক্রীড়ানুষ্ঠান অনুষ্ঠিত হবে।

**(অ্যাডভোকেট রুহুল কবির রিজভী)**
সিনিয়র যুগ্ম মহাসচিব
বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।